NYS ডিপার্টমেন্ট অফ স্টেট - ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেস (NYS DEPARTMENT OF STATE - DIVISION OF LICENSING SERVICES)

নেল স্পেশালিটির প্র্যাকটিক্যাল পরীক্ষার তথ্য

NYS স্টেট ডিপার্টমেন্ট, লাইসেন্সিং পরিষেবা বিভাগ, ওয়ান কমার্স প্লাজা
PO বক্স 22001, Albany, NY 12201-2001

***** ম্যানেকুইন হাত দরকার – কোনো জীবন্ত মডেল নয় *****

প্র্যাকটিক্যাল পরীক্ষার দিনক্ষণ স্থির করা

কেবলমাত্র অনলাইনেই প্র্যাকটিক্যাল পরীক্ষার দিনক্ষণ স্থির করতে হবে। আপনার আবেদন অনুমোদন করার পরে আপনার আবেদনে দেওয়া ইমেল অ্যাড্রেসে ইমেল পাঠানো হবে। এই ইমেলে একটা লিংক থাকবে যেখানে আপনি নিজের পরীক্ষার দিনক্ষণ স্থির করে নিতে পারবেন।

যখন আপনার দিনক্ষণ স্থির করবেন তখন $15 ফি দিতে হবে, এটা ফেরতযোগ্য নয়। যদি আপনার পরীক্ষার দিনক্ষণ অন্য সময়ে স্থির করতে হয়, তাহলে আপনার নির্ধারিত পরীক্ষার তারিখের কম পক্ষে ছয় দিন আগে সেটা করতে হবে। **যদি আপনার অ্যাপয়েন্টমেন্ট বাতিল করেন, আপনার নির্ধারিত সময়ের পরে এসে পৌঁছান, বা নির্ধারিত দিনক্ষণে এসে উপস্থিত না হন তাহলে আপনাকে নিজের পরীক্ষার ফি হারাতে হবে।**

*দ্রষ্টব্য: যদি আপনি টেস্টের বিশেষ বন্দোবস্তের অনুরোধ করার জন্য উপযুক্ত নথিপত্র জমা করেন, আপনার পরীক্ষার দিনক্ষণের ব্যাপারে ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেসের (*Division of Licensing Services*) একজন প্রতিনিধি আপনার সাথে যোগাযোগ করবেন। যেসব পরীক্ষায় টেস্টের বিশেষ বন্দোবস্তের প্রয়োজন হয় সেইগুলোর দিনক্ষণ অনলাইন সিস্টেমে নিজে থেকে স্থির করা যায় না।*

প্র্যাকটিক্যাল পরীক্ষায় প্রবেশাধিকার

এই পরীক্ষায় প্রবেশাধিকার পাওয়ার জন্য আপনাকে অবশ্যই সরকারের পক্ষ থেকে জারি করা ফটো সমেত স্বাক্ষরিত পরিচয়পত্র আনতে হবে। আপনার এই পরিচয়পত্র **অবশ্যই সাম্প্রতিক** হতে হবে এবং নিম্নোক্ত তালিকা থেকে হতে হবে:

- ড্রাইভিং লাইসেন্স
- রাষ্ট্রীয় স্তরে জারি করা পরিচয়পত্র (যেমন ড্রাইভার ব্যতীত অন্য পরিচয়পত্র)
- IDNYC কার্ড (NYC পরিচয়সূচক কার্ড)
- মিলিটারি পরিচয়পত্র
- মার্কিন যুক্তরাষ্ট্রের পাসপোর্ট
- কর্মসংস্থান অনুমোদন কার্ড (U.S. নাগরিকত্ব এবং অভিবাসন পরিষেবার দ্বারা জারি করা)
- মার্কিন যুক্তরাষ্ট্রের INS-এর জারি করা পরিচয়পত্র
- US নাগরিকত্বের সার্টিফিকেট
- বিদেশী পাসপোর্ট
- ব্রাজিলিয়ান, মেক্সিকান, হন্ডুরান এবং ইকুইডোরিয়ান কনসুলার পরিচয়পত্র
- মেক্সিকো ভোটার পরিচয়পত্র কার্ড

পরীক্ষার দিনক্ষণ স্থির করার জন্য নামের সঠিক প্রথম ও শেষাংশের সঙ্গে আপনার পরিচয়পত্রের অবশ্যই মিল থাকতে হবে। যদি আপনার নামের শেষাংশে হাইফেন থাকে, তাহলে অনুগ্রহ করে আপনার সম্পূর্ণ নামটি অন্তর্ভুক্ত করতে ভুলবেন না। যদি

আপনার নামে সঙ্গে আপনার পরিচয়পত্রের হুবহু মিল না থাকে, তাহলে আপনাকে পরীক্ষা অ্যাক্সেস করতে না দেওয়ার অধিকার আমাদের কাছে আছে।

আপনার প্র্যাকটিক্যাল পরীক্ষার জন্য তৈরি হওয়া

নেল স্পেশালিটি পরিষেবা দেওয়ার জন্য আপনার উপযুক্ত পোশাক পরে পরীক্ষার জন্য উপস্থিত হওয়া উচিত। আশা করা হচ্ছে আপনি নিম্নোক্ত নির্দেশিকাগুলো মেনে চলবেন:

1) একটি পরিষ্কার, ধোয়া যায় এমন বাইরের পোশাক (স্মক বা গাউন) অবশ্যই পরতে হবে (দ্রষ্টব্য: কোনো অ্যাপ্রোন নয়); চুল যদি প্রক্রিয়ায় ব্যাঘাত ঘটানোর মতো যথেষ্ট লম্বা হয় তাহলে তা পিছনের দিকে টেনে বেঁধে রাখতে হবে এবং সুরক্ষিত রাখতে হবে।
2) অবশ্যই পাঁচটি স্বাভাবিক নখ থাকতে হবে, যেগুলিতে কোনো ধরণের পলিশ বা কৃত্রিম অলঙ্কার থাকবে না।
3) পায়ের আঙুল ও গোড়ালি ঢাকা ও পায়ের পাতা ঢাকার মত জুতো।
4) চিউইং গাম, সেল ফোন ব্যবহার, বা অন্য প্রযুক্তিগত ডিভাইসের অনুমতি নেই।
5) আপনি এসে পৌঁছানোর আগে সাবান জল দিয়ে হাত ধুয়ে নিতে হবে; পরীক্ষা চলাকালীন আপনাকে অবশ্যই 60% বা তার বেশি অ্যালকোহল যুক্ত হ্যান্ড স্যানিটাইজার ব্যবহার করতে হবে
6) পরীক্ষা পরিসরে আগ্নেয়াস্ত্রের অনুমতি দেওয়া হয় না। এই নীতি সংক্রান্ত যে কোনো প্রশ্নের জন্য অনুগ্রহ করে আমাদের পরীক্ষা কেন্দ্রে (518) 473-2731 নম্বরে যোগাযোগ করুন।

দ্রষ্টব্য: ব্যবহার করার পরে ফেলে দেওয়ার মত দস্তানা অর্থাৎ গ্লাভস ব্যবহার ঐচ্ছিক।

সাপ্লাই তালিকায় যেমন নির্দিষ্ট করা হয়েছে সেইসব প্রয়োজনীয়তা পূরণ করার উপযুক্ত একটা ম্যানেকুইন হাত নিজের সঙ্গে পরীক্ষায় নিয়ে আসতে হবে। এগুলো করতে না পারলে আপনি অযোগ্য বিবেচিত হবেন। আমরা নমনীয়, নরম প্লাস্টিকের তৈরি একটি ম্যানেকুইন হাত ব্যবহার করার পরামর্শ দিচ্ছি (টেবিল ক্ল্যাম্প ব্যবহার করা হবে না)। এছাড়াও, আপনার ম্যানেকুইনের হাতের আঙ্গুলগুলোতে ফলস টিপ লাগানো উচিত যা আঙুলের ডগায় আঠা দিয়ে বা ছাড়াই ঢোকানো যেতে পারে। পরীক্ষার আগে আপনাকে ম্যানেকুইন হাতে তিনটি নেল টিপ লাগাতে হবে; নেল টিপের মুক্ত প্রান্তটি দৈর্ঘ্যে 1/8-ইঞ্চির বেশি হলে চলবে না। জীবন্ত মডেলের অনুমতি দেওয়া হবে না।

এছাড়া সাপ্লাই তালিকায় যেমন জানানো হয়েছে সেইমত পরীক্ষায় আপনার নিজস্ব সাপ্লাই ও সরঞ্জাম আনতে হবে। আপনি যদি কোনো প্রয়োজনীয় সাপ্লাই ও সরঞ্জাম না আনতে পারেন তাহলে হয়ত পরীক্ষার কয়েকটা প্রক্রিয়া করার অনুমতি পাবেন না। **দ্রষ্টব্য: যারা পরীক্ষা দিতে আসবেন তারা একে অপরের সঙ্গে সাপ্লাই শেয়ার করতে পারবেন না।**

*****পরীক্ষায় স্বাক্ষর করার জন্য অনুগ্রহ করে নিজের পেন আনবেন*****

প্র্যাকটিক্যাল পরীক্ষার প্রক্রিয়াসমূহ

নেল স্পেশালিটি ব্যবহারিক পরীক্ষায় ধারাবাহিকভাবে কতগুলো কাজ করতে হয় যেগুলো প্রতিটি প্রক্রিয়ার জন্য বরাদ্দ করা সময় সীমার মধ্যে আপনাকে করতে হবে। নির্দিষ্ট সময় সীমার মধ্যে আপনাকে নিম্নোক্ত প্রক্রিয়াগুলো করে দেখাতে হবে:

- **কাজের জায়গা প্রস্তুত করা** *(10 মিনিট)*
- **সাধারণ ম্যানিকিউর এবং পরবর্তী পদ্ধতির প্রস্তুতি** *(15 মিনিট)*
- **টিপ লাগানো এবং আকার দেওয়া** *(15 মিনিট)*
- **র‍্যাপ লাগানো** *(20 মিনিট)*
- **অ্যাক্রিলিক লাগানো** *(30 মিনিট)*
- **পালিশ লাগানো এবং পরিষ্কার করা** (15 মিনিট)

দ্রষ্টব্য: আপনাকে রক্তপাত পরবর্তী পদক্ষেপের পদ্ধতি প্রদর্শন করতে বলা হবে না। পরীক্ষার সময় যদি আপনি নিজের হাত কেটে ফেলেন, তাহল আশা করা হয় যে আপনি রক্তপাত পরবর্তী পদক্ষেপের সঠিক পদ্ধতি অনুসরণ করবেন।

পরীক্ষার পদ্ধতিগত তথ্য এবং কাজগুলো আমাদের ওয়েবসাইট www.dos.ny.gov-এ পাওয়া যাবে। পরীক্ষার সময় আপনাকে এই নথিপত্রগুলো ব্যবহার করতে দেওয়া হবে না। নেল স্পেশালিটির প্র্যাকটিক্যাল পরীক্ষা সম্পন্ন করতে প্রায় 1 3/4 ঘণ্টা সময় লাগবে।

সম্পূর্ণ পরীক্ষায় নিরাপত্তা ও সংক্রমণ নিয়ন্ত্রণ প্রক্রিয়া অবশ্যই পালন করতে হবে। এখন প্র্যাকটিক্যাল পরীক্ষায় যে অতিরিক্ত নিরাপত্তা ও সংক্রমণ নিয়ন্ত্রণ পদ্ধতি অনুসরণ করা আবশ্যক অনুগ্রহ করে সেসবের বিষয়ে জেনে নেবেন।

যোগাযোগের তথ্য

আপনি exams@dos.ny.gov-এ ইমেল করে স্টেট ডিপার্টমেন্টের প্র্যাকটিক্যাল পরীক্ষা ইউনিটের সাথে যোগাযোগ করতে পারেন। সাধারণ তথ্যের জন্য, আপনি 518-474-4429-এ ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেসে (Division of Licensing Services) যোগাযোগ করতে পারেন। লাইসেন্সিং সম্পর্কিত আরও তথ্যের জন্য অনুগ্রহ করে আমাদের ওয়েবসাইট https://dos.ny.gov/-এ যান।

পরীক্ষা বাতিলকরণ

আবহাওয়ায় দুর্যোগ বা অন্য জরুরী অবস্থার কারণে পরীক্ষা বাতিল করা হতে পারে।
পরীক্ষা বাতিলকরণের বিষয়ে খোঁজ করতে ডিভিশন অফ লাইসেন্সিং সার্ভিসেসের (Division of Licensing Services) ওয়েবসাইট (https://dos.ny.gov/licensing-services), ডিপার্টমেন্ট অফ স্টেটের Facebook (https://www.facebook.com/NewYorkDepartmentOfState/) এবং Twitter (@NYSDOS) অ্যাকাউন্ট দেখুন বা 518-474-4429 নম্বরে কল করুন।

পরীক্ষার ফলাফল

পরীক্ষার ফলাফল দেখার জন্য উপলব্ধ হলে ইমেলে আপনাকে জানিয়ে দেওয়া হবে। আপনার পরীক্ষা বিভাগের অধীন আপনার ফলাফল দেখার জন্য আপনার অনলাইন অ্যাকাউন্টে লগইন করতে হবে। যেসব আবেদনকারী প্র্যাকটিক্যাল পরীক্ষায় পাস করবেন তাদের মেলে নিউ ইয়র্ক স্টেট নেল স্পেশালিটি লাইসেন্স (New York State Nail Specialty License) দেওয়া হবে। আপনি পরীক্ষায় বিফল হলে, আপনার অনলাইন অ্যাকাউন্টে লগইন করে আরেকবার পরীক্ষা দেওয়ার দিনক্ষণ স্থির করতে পারেন। পরীক্ষার সময় বা টেলিফোনে ফলাফল জানানো হবে না। পরীক্ষার ফলাফলের বিরুদ্ধে আপনি আপীল করতে পারবেন না।

পরীক্ষার ফলাফল উত্তীর্ণ অথবা বিফল হিসেবে রিপোর্ট করা হয়; আপনি কোনো সংখ্যাসূচক স্কোর পাবেন না। উত্তীর্ণ পরীক্ষার ফলাফল শুধুমাত্র পাঁচ বছরের জন্য বৈধ থাকবে। আপনার অনলাইন অ্যাকাউন্টে পরীক্ষার ফলাফল পাওয়া যাবে। https://my.ny.gov/ -এ নিজের অনলাইন অ্যাকাউন্টে লগইন করুন। আপনি পরীক্ষায় বিফল হলে, নিজের অনলাইন অ্যাকাউন্ট দিয়ে আরেকবার পরীক্ষা দেওয়ার দিনক্ষণ স্থির করতে পারেন।

বিশ্লেষণের অনুরোধ জানানো

আপনার পরীক্ষায় বিফল হলে exams@dos.ny.gov-এ ইমেল করে আপনার প্র্যাকটিক্যাল পরীক্ষার বিশ্লেষণের অনুরোধ করতে পারেন। এই বিশ্লেষণ হল আপনার ক্ষমতা ও দুর্বলতাগুলি খুঁজে নিতে আপনাকে সাহায্য করার জন্য আপনার প্র্যাকটিক্যাল পরীক্ষার রিপোর্ট বা বিস্তারিত বর্ণনা। আপনার পরীক্ষার তারিখের 60 দিনের মধ্যে বিশ্লেষণের অনুরোধ জানানো আবশ্যক। যারা প্র্যাকটিক্যাল পরীক্ষায় পাস মার্ক পাবে আমরা তাদের বিশ্লেষণ জানাবো না।